# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 AUGUST 2026** **7:45—7:55PM**

---

১) দেশে একটি আধুনিক ক্রীড়া ব্যবস্থা গড়ে তোলার জন্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রকাশ ।

২) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষে খেলো - ইন্ডিয়া কার্যসূচি ।

৩) নেপালের আকস্মিক বন্যায় আবদ্ধ ভারতীয় নাগরিকদের উদ্ধার অভিযান আরো তীব্রতর ।

এবং

৪) আসাম পর্যটন নিগমের নিযুক্তি কেলেঙ্কারী মামলা সম্পর্কে মুখ্যমন্ত্রীর তদন্তকারী শাখার অভিযোগনামা দাখিল ।

-----------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে দেশে একটি আধুনিক ক্রীড়া ব্যবস্থা গড়ে তোলার জন্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ । তিনি বলেন যে ক্রীড়া বিশ্ববিদ্যালয় থেকে আধুনিক প্রশিক্ষণ কেন্দ্র পর্যন্ত সমগ্র দেশে একটি ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলা হবে যএখানে প্রত্যেকটি পর্যায়ে ক্রীড়া প্রতিভা সম্পন্ন যুবক-যুবতীরা প্রয়োজনীয় সহায়তা লাভ করবে । খেলো-ইন্ডিয়া সম্বাদ কার্যসূচিতে ভি-ডি-ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে অংশ গ্রহণ করে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে ক্রীড়া শুধুমাত্র পদক বিজয়ের মধ্যেই সীমাবদ্ধ নয় , ক্রীড়া হচ্ছে দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ভারতের যুব শক্তিকে একত্রিত করার এক অন্যতম বিশেষ মাধ্যম । তিনি বলেন যে দেশের প্রত্যেকটি জেলারই বিশ্ব মানচিত্রে ক্রীড়া ক্ষেত্রে অনন্য ছাপ রাখার সম্ভাবনা রয়েছে । প্রধানমন্ত্রী

আরো বলেন যে তিনি সম্প্রতি লালকেল্লা থেকে জাতির উদ্দেশ্যে ভাষণ দেওয়ার সময় দেশের ৫ বছর পর্যন্ত বয়সের ছেলে মেয়েদের মধ্যে ক্রীড়া প্রতিভা খুজে বের করার কাজ শুরু করার আহ্বান জানিয়েছিলেন । ওইসব প্রতিভা শনাক্ত করে তাদের নিজ নিজ ক্ষেত্রে দক্ষতা থাকা শাখায় এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সরকার সব ধরণের সহায়তা করবে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

(বাইট)

---------------------------------------------------------------------------------

উল্লেখ্য যে আজকের এই কার্যসূচি জাতীয় ক্রীড়া দিবস - ২০২৬এর অংশ হিসেবে মেরা ভারত কার্যসূচির অধীনে আয়োজন করা হয়েছে । দেশের প্রত্যেকটি রাজ্য ও কেন্দ্রীয়শাসিত অঞ্চলের প্রত্যেকটি জেলার দুটিকরে মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রী এই কার্যসূচিতে অংশ গ্রহণ করেছে । এর মাধ্যমে ক্রীড়া , যুব নেতৃত্ব , নাগরিক দায়বদ্ধতা , স্বেচ্ছাসেবা , সুস্বাস্থ্য এবং রাষ্ট্র নির্মানের একটি অনন্য মঞ্চে যুব প্রজন্মকে একত্রিত করার প্রয়াস গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষ্যে আজ শিলচর গুরুচরন বিশ্ববিদ্যালয়ে আয়োজিত খেলো ইন্ডিয়া ডায়ালগ খেল কি বাত, পি এম মোদী কি সাথ কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে । বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে বড় পর্দায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভাষন সরাসরি সম্প্রচার করা হয়েছে ।

খেলো ইন্ডিয়া ডায়ালগের কর্মসূচীর মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তরুন প্রজন্মের সঙ্গে ক্রীড়া , ফিটনেস, যুব নেতৃত্ব এবং বিকশিত ভারত নির্মানে খেলাধূলার ভূমিকা নিয়ে আলোচনা করেন । পরেন খেলো ইন্ডিয়া সংবাদের পাঁচটি বিষয়ের উপর ছাত্র-ছাত্রীরা নিজেদের মত বিনিময় করে ।

---------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের স্পোর্টস বোর্ডের উদ্যোগে এবং বিশ্ববিদ্যালয়ের ন্যাশনেল সার্ভিস স্কিম-এর সহযোগীতায় আজ বিশ্ববিদ্যালয়ের বিপিন চন্দ্র পাল প্রেক্ষাগৃহে খেলো ইন্ডিয়া সংবাদ-২০২৬ অনুষ্ঠিত হয়েছে । অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রাজীব মোহন পন্থ বলে, বাইট----

আজকের অনুষ্ঠানে মূখ্য অতিথি হিসেবে রাঁচির ন্যাশনেল ইনষ্টিটিউট অব এডভান্সড ম্যানুফেকচারিং টেকনোলজি-র অবসরপ্রাপ্ত অধ্যাপক এস আর কুমার এবং সিকিম বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক ভেনু পন্থ প্রমূখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার পাথারকান্দি কলেজে আজ খেলো ইন্ডিয়া সংবাদ কার্যসূচির অংগ হিসেবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভাষণ সরাসরি সম্প্রচার করা হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে করিমগঞ্জ লোকসভা আসনের সাংসদ কৃপানাথ মালা বলে, প্রধানমন্ত্রীর এই ভাষণ দেশের যুব সমাজকে ক্রীড়া ফিটনেস এবং রাষ্ট্র গঠনের ক্ষেত্রে উৎসাহ যোগাবে।

--------------------------------------------------------------------------------

এদিকে হাইলাকান্দি জেলায়ও আজ খেলো ইন্ডিয়া সংবাদ কার্যসূচীর অঙ্গ হিসেবে জেলার শিক্ষা প্রতিষ্ঠাগুলিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভাষন সরাসরি সম্প্রচার করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

নেপালের আকস্মিক বন্যায় আবদ্ধ হয়ে পরা ভারতীয় নাগরিকদের উদ্ধারের জন্য ভারত প্রচেষ্টা তীব্রতর করে তুলেছে ।আজ নতুন দিল্লীতে এক সাংবাদিক সম্মেলনে বৈদেশিক পরিক্রমা মন্ত্রনালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন যে এই ভয়াবহ দূর্ঘটনা সংঘটিত হওয়ার সময় নেপালে অবস্থানরত ২৮৮ জন ভারতীয় লোকের সঙ্গে এখনো পর্যন্ত কোনধরণের সংযোগ স্থাপন করা যাচ্ছেনা । এরমধ্যে ৭৩ জন ভারতীয় ,ত্রিশূলী - ওয়ান শক্তি প্রকল্পে কর্মরত ছিল ।শ্রী জয়সওয়াল বলেন যে কাঠমান্ডুতে থাকা ভারতীয় দূতাবাস প্রকল্পটির কর্তৃপক্ষের সঙ্গে এই লোকেদের তথ্য সংগ্রহের জন্য যোগাযোগ রক্ষা করে চলেছে । কৈলাশ মানস সরোবর যাত্রার জন্য দুটি পৃথক দলে যাওয়া তামিলনাডুর ৮৬ জন , নেপালের রাসোয়া জেলার টিমুরেতে থাকা পশ্চিমবঙ্গের ৩২ জন এবং কেরালার ৩৩ জন লোকের এখনো কোন সন্ধান পাওয়া যায়নি বলে শ্রী জয়সওয়াল জানান ।ভারতীয় লোকেদের সঙ্গে সংযোগ স্থাপন তথা তাদের নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য ভারতীয় কর্তৃপক্ষ নেপালের কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ অব্যাহত রেখেছে এবং সম্ভবপর সব প্রয়াস চালিয়ে যাচ্ছে ।শ্রী জয়সওয়াল বলেন যে নেপালে উদ্ধার এবং সাহায্য অভিযানে সহযোগিতা করার জন্য ভারত ৪৭ টনের ও বেশী তাৎক্ষণিক সাহায্য সামগ্রী প্রেরণ করেছে । সরকার ২৪ ঘন্টা চালু থাকা বৈদেশিক পরিক্রমা মন্ত্রনালয়ের একটি নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করেছে ।এদিকে চীনের দিকে আবদ্ধ হয়ে পরা ভারতীয় নাগরিকদের সুরক্ষিতভাবে উদ্ধার করার জন্যও বেইজিংয়ে থাকা ভারতীয় দূতাবাস প্রয়াস অব্যাহত রেখেছে বলে শ্রী জয়সওয়াল জানান ।চীনের দিকে প্রায় ২০০ জন ভারতীয় নাগরিক আবদ্ধ হয়ে আছেন বলে জানা গেছে ।

--------------------------------------------------------------------------------

আসাম পর্যটন নিগমের নিযুক্তি কেলেংকারী মামলায় মুখ্যমন্ত্রীর তদারকী কোষ বিশেষ ন্যায়াধীশের আদালতে ৮ হাজার পাতার অভিযোগনামা দাখিল করেছে । অসদ উপায়ে চাকুরী লাভ করার অভিযোগে তদারকী কোষ নিগমের তৎকালীন সঞ্চালক মনালিসা গোস্বামী সহ বেশ কয়েকজন আধিকারীকের বিরুদ্ধে এই অভিযোগনামা দাখিল করে ।উল্লেখ্য পর্যটন আধিকারীকের নিযুক্তির নামে সংঘঠিত এই অনিয়মের ঘটনা সম্পর্কে তদারকী কোষ একটি মামলা দায়ের করে ২০২৫ সালে তদন্ত আরম্ভ করেছিল ।

---------------------------------------------------------------------------------------------

আসাম রাইফেলস এবং শিলচরের রাজস্ব গোয়েন্দা সঞ্চালকালয় লক্ষীপুরের জুজাং পাহাড় অঞ্চলে  আন্তঃরাজ্য মাদক সরবরাহ চক্রের বিরুদ্ধে যৌথ অভিযান চালিয়ে বিপুল পরিমানের নেশা জাতীয় সামগ্রী বাজেয়াপ্ত করেছে । এই ঘটনায় একজন সন্দেহযুক্ত মাদক সরবরাহকারীকে গ্রেপ্তার করা হয়েছে এবং মাদক সরবরাহ করা একটি লরী জব্দ করা হয়েছে ।উল্লেখ্য গতকাল মধ্যরাতে লক্ষীপুরের জুজাং পাহার অঞ্চলে অভিযান চালিয়ে প্রায় ৬০ কিলোগ্রাম ওজনের ৫ লক্ষ ৬০ হাজার ইয়াবা টেবলেট বাজেয়াপ্ত করা হয়েছে যার বাজারমূল্য প্রায়  ১৬৮ কোটি টাকা হবে বলে অনুমান করা হচ্ছে ।এই বৃহৎ পরিমানের ইয়াবা টেবলেট মণিপুর থেকে আসামে নিয়ে আসা হয়েছিল বলে প্রাথমিক তদন্তে জানা গেছে ।

---------------------------------------------------------------------------------------------

লামডিং - বদরপুর সেকশনের নিউ হারাঙ্গাজাও ষ্টেশনের পার্শবর্তী রেলওয়ে ট্রেক নম্বর এক এবং দুই-এর মেরামতী কাজ এখনও অব্যাহত থাকায় যাত্রী সুরক্ষার কথা বিবেচনা করে ওই রুটে চলাচলকারী গৌহাটি - শিলচর এক্সপ্রেস ট্রেনটির যাত্রা পুনারায় আগামীকাল এবং  শিলচর - গৌহাটি এক্সপ্রেস ট্রেনটির যাত্রা আগামী শনিবারের জন্য বাতিল করা হয়েছে ।

এছাড়াও , নারাঙ্গী - আগারতলা এবং সাইরাং-আনন্দবিহার টার্মিনাল দুটি এক্সপ্রেস ট্রেনের আজকের যাত্রার সময়সূচির কিছুটা পরিবর্তন করা হয়েছে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কাপিঞ্জাল কিশোর শর্মা এক প্রেসবার্তায় জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির শ্রীরামকৃষ্ণ সেবা সমিতির উদ্যোগে আজ হাইলাকান্দিতে যুব সম্মেলন অনুষ্ঠিত হয়েছে । যুব সম্মেলনে শ্রীরামকৃষ্ণ-বিবেকানন্দ ভাবপ্রচার পরিষদের উত্তর-পূর্বাঞ্চলের সভাপতি স্বামী দীপ্তিমানন্দজী মহারাজ সহ জেলা আয়ুক্ত জয় বিকাশ মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত জয়

বিকাশ যুব সমাজকে নিজেদের জীবনে শৃংখলা, দায়িত্ববোধ ও নিষ্ঠাকে প্রাধান্য দেওয়ার আহ্বান জানান ।

-----------------------------------------------------------------------------------

মাতৃভূমি কাপ ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় লকেল এফ সি সপ্তগ্রাম ২-০ গোলের ব্যবধানে  এ পি ধলাই-কে পরাজিত করে । আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হন মার্লো ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় জামিরখালের ডাইবার্লং এফ সি এবং মোহনখালের আরমান ফার্নিচার পরস্পরের মূখোমূখি হবে ।

-----------------------------------------------------------------------------------